অধিবেশন -

উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, বেলকুচি, সিরাজগঞ্জ এর সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব আফরিন জাহান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ

স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ।
তারিখ ঃ ১৪/০৬/২০২৬ খ্রিঃ
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণঃ

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব সুকান্ত ধর | উপজেলা কৃষি অফিসার | স্বাক্ষরিত |
| ২ | জনাব নাজমুল হক | উপজেলা প্রাণি সম্পদ অফিসার | স্বাক্ষরিত |
| ৩ | জনাব আল মাসুদ | উপজেলা মৎস্য অফিসার | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ আব্দুল খালেক | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | স্বাক্ষরিত |
| ৫ | জনাব মোঃ আবু হেলাল | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | স্বাক্ষরিত |
| ৬ | জনাব মোঃ আঃ মান্নান | কৃষক প্রতিনিধি | স্বাক্ষরিত |

অদ্যকার সভার সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্য সূচি অনুযায়ী সদস্য সচিব, উপজেলা কৃষি অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ কে সভা আরম্ভ করার আহ্বান জানান। সদস্য সচিব সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু করেন।

| আলোচ্যসূচি | | |
|---|---|---|
| ১। ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২ মৌসুমে উফশী রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে ইউনিয়নওয়ারী কৃষক বিভাজন ও অনুমোদন।<br>২। উফশী রোপা আমন ধানের বীজ ও সার সংগ্রহ সংক্রান্ত | | |
| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| **আলোচনা ০১-** - সদস্য সচিব জানান যে, জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির ০৯/০৬/২০২৬ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী- ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২ মৌসুমে উফশী রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে বেলকুচি উপজেলায় ৫০০ (জন/বিঘা) বরাদ্দ পাওয়া গেছে। প্রতিজন কৃষক প্রতি বিঘা আবাদের নিমিত্তে উফশী রোপা আমন ধানের বীজ | প্রস্তাবিত বিভাজন উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটির উপস্থিত সদস্যগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং আগামী ২১/০৬/২০২৬খ্রিঃ তারিখের মধ্যে কৃষি প্রণোদনা বাস্তবায়ন কর্মসূচির নীতিমালা ও শর্তাবলী অনুসরন করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তা যাচাই বাছাই এবং সরেজমিনে পরিদর্শন পূর্বক নির্ভুলভাবে তৈরী করে উপজেলা কৃষি | ১। ইউনিয়ন কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি (সকল), বেলকুচি, সিরাজগঞ্জ।<br>২। উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি, |

| আলোচ্যসূচি | | |
|---|---|---|
| ০৫ (পাঁচ ) কেজি, ডিএপি সার ১০ কেজি এবং এমওপি সার ১০(দশ) কেজি সহায়তা করা হবে । এছাড়াও জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী, প্রতি ব্লকে উফশী রোপা আমন চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করা হবে যাদের পাশাপাশি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। | পূণর্বাসন বাস্তবায়ন কমিটির সদস্য সচিব বরাবর জমা দিবেন। উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটির অনুমোদন সাপেক্ষে ছবিযুক্ত মাস্টার রোলের মাধ্যমে উপজেলা সদর থেকে ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরন করা হবে মর্মে সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও উল্লেখ্য যে, প্রতি ব্লকে উফশী রোপা আমন চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ১০ জন কৃষক নির্বাচন করতে হবে যাদের পাশাপাশি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। | বেলকুচি, সিরাজগঞ্জ। |

| **ইউনিয়নের নাম** | **উফশী রোপা আমন ধানের বিভাজন সংখ্যা (জন/বিঘা)** |
|---|---|
| পৌরসভা | ৪০ |
| বেলকুচি | ৬০ |
| রাজাপুর | ৯০ |
| ভাঙ্গাবাড়ী | ৮০ |
| দৌলতপুর | ১০০ |
| ধুকুরিয়াবেড়া | ৭০ |
| বড়ধুল | ৬০ |
| **মোট** | **৫০০** |

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| **আলোচনা ২-** উফশী রোপা আমন ধানের বীজ ও সার সংগ্রহ | | |
| সদস্য সচিব সভায় জানান যে, প্রণোদনা কর্মসূচির জন্য প্রয়োজনীয় ডিএপি ও এমওপি সার বিএডিসি (সার) হতে সংগ্রহ করতে হবে। স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী এবং সর্বশেষ জাতসমুহের মধ্যে রোপা আমন ধানের প্রত্যায়িত/ মানঘোষিত বীজ বিএডিসি হতে ৮০% এবং তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাদের নিকট হতে ২০% নির্ধারিত মুল্যে ক্রয় করা যাবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্য ধরা হয়েছে। | নীতিমালা ও শর্তাবলী অনুসরন করে রোড ম্যাপ অনুসারে সার ও বীজ সংগ্রহ করে বিতরন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি, বেলকুচি, সিরাজগঞ্জ। |

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৩। বিবিধ | | |
| সদস্য সচিবজানান যে, উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের কর্মকর্তা অগ্রাধিকার তালিকা প্রনয়ন ও মালামাল বিতরন তদারকি করবেন এবং এ ক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অফিসার, বেলকুচি কে প্রস্তাব করেন। | উপজেলা কৃষি পুণর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক উপজেলা পর্যায়ের কৃষি সম্প্রসারণ অফিসার, বেলকুচি নাম সর্বসম্মতি ক্রমে গৃহীত হল। | উপজেলা কৃষি পূণর্বাসন বাস্তবায়ন কমিটি, বেলকুচি, সিরাজগঞ্জ। |

সবশেষে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় খরিফ-২ মৌসুমে উফশী রোপা আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষকদের মধ্যে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৪.০৬.২৬

(আফরিন জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন
বাস্তবায়ন কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।
uaobelkuchi.dae@gmail.com

স্মারকনংঃ ১২.১৭.৮৮১১.০৪১.৯৯.০৯৯.২৬. তারিখঃ ১৪/০৬/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সিরাজগঞ্জ
২. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সিরাজগঞ্জ
৩. উপজেলা ....................অফিসার ও সদস্য উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সকল) বেলকুচি, সিরাজগঞ্জ।
৪. উপসহকারী কৃষি অফিসার..........................ব্লক(সকল), বেলকুচি, সিরাজগঞ্জ।
৫. অফিসকপি, অত্র দপ্তর।

১৪.০৬.২৬
(সুকান্ত ধর)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন
বাস্তবায়ন কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ।